

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মিঠাপুকুর, রংপুর।

www.mithapukur.rangpur.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৮৫০০.০৫৮.০৩.১০৮.২৩ - ১৮৩০

তারিখ : ১ নভেম্বর, ২০২৩খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় ০৪ মে, ২০১৫ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন(এস, আর, ও নং ৮৯ আইন/২০১৫এবং ০৩ জুলাই, ২০১৭ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন (এস, আর, ও নং-২৩২-আইন/২০১৭) মোতাবেক মিঠাপুকুর উপজেলার ৫নং বালারহাট ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশ মহল্লাদারের ০১টি এবং ৯নং ময়েনপুর ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশ মহল্লাদারের ০১টি শূন্য পদে সরাসরি লোকবল নিয়োগকল্পে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আগ্রহী প্রার্থীদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	শূন্য পদের সংখ্যা	ইউনিয়নের যে ওয়ার্ডে লোক নিয়োগ করা হবে
০১	৫নং বালারহাট	মহল্লাদার পদে ০১ (এক)টি	০১(নং) নম্বর ওয়ার্ড
০২	৯নং ময়েনপুর	মহল্লাদার পদে ০১ (এক)টি	০৮(আট) নম্বর ওয়ার্ড

শিক্ষাগত যোগ্যতা (মহল্লাদার)ঃ

কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

বয়স : ২৩ নভেম্বর, ২০২৩খ্রিঃ তারিখে অনূর্ধ্ব ৩০ বৎসর।

শারীরিক যোগ্যতা (মহল্লাদার)ঃ (পুরুষ প্রার্থীর ক্ষেত্রে) (ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি; (খ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ); (গ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি; (মহিলা প্রার্থীর ক্ষেত্রে): (ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট; (খ) সর্বনিম্ন বুকের মাপ- ২৮(স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ); (গ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।

বেতন ভাতাদিঃ সর্বসাকুল্যে : মহল্লাদার (ইউনিয়ন পরিষদ+ সরকারী অংশ)=৬,৫০০/- টাকা, সরকারি পোষাক ও তৎসহ অন্যান্য সুবিধাদি।

শর্তাবলী :

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

০২। আবেদনপত্রে প্রার্থীর (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জাতীয়তা (ছ) ধর্ম (জ) জন্ম তারিখ (ঝ) ২৩/১১/২০২৩ তারিখে প্রার্থীর বয়স (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) অভিজ্ঞতা(যদি থাকে) উল্লেখসহ প্রার্থীকে স্বহস্তে আবেদন নিম্নস্বাক্ষরকারীর বরাবরে দাখিল করতে হবে।

০৩। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে; (ক) ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (খ) জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন সনদ সত্যায়িত ফটোকপি (গ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র (ঘ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্যতোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি ০৩ (তিন) কপি (ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত অনুলিপি (চ) উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুকুর, রংপুর বরাবরে ১০০/- (একশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনের সাথে সংযুক্ত করতে হবে (ছ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা/পুত্র কন্যার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদের সত্যায়িত অনুলিপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

০৪। প্রার্থীর সনদপত্র ও ছবি সত্যায়নের ক্ষেত্রে গেজেটেড কর্মকর্তার নামযুক্ত সীল ব্যবহার করতে হবে।

০৫। ২৩/১১/২০২৩ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে বয়স ১৮-৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নহে।

০৬। আবেদনপত্র আগামী ২৩/১১/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে/সরাসরি পৌছাতে হবে।

০৭। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৮। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

০৯। খামের উপর বড় অক্ষরে পদের নাম লিখতে হবে।

১০। আবেদনকারীকে যে ওয়ার্ডে লোক নিয়োগ করা হবে; সে ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।

১১। সংশ্লিষ্ট ওয়ার্ডে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী ওয়ার্ড হতে এবং পার্শ্ববর্তী ওয়ার্ড হতে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে ইউনিয়নের যে কোন ওয়ার্ড হতে লোক নিয়োগ করার বিষয়টি বিবেচনা করা যাইবে।

১২। মহল্লাদার পদে লোকবল নিয়োগ করার ক্ষেত্রে এ বিধিমালায় বর্ণিত যোগ্যতায় উপযুক্ত বিবেচিত হলে মৃত বা অবসরপ্রাপ্ত মহল্লাদার এর পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।

১৩। আবেদনপত্র বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশে পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং নিয়োগপত্র প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উপস্থাপন করা যাবে না। কোন ধরনের তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

(মোঃ রফিকুল হাসান)

উপজেলা নির্বাহী অফিসার


মিঠাপুকুর, রংপুর।

দূরভাষঃ ০৫২২৫-৫৬২৩৪

unomithapukur@mona.gov.bd

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :-

- ১। জেলা প্রশাসক, রংপুর।
- ২। পুলিশ সুপার, রংপুর।
- ৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মিঠাপুকুর, রংপুর।
- ৫। অফিসার ইনচার্জ, মিঠাপুকুর থানা, রংপুর।
- ৬। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মিঠাপুকুর, রংপুর।
- ৭। উপজেলা অফিসার, মিঠাপুকুর, রংপুর।
- ৮। চেয়ারম্যান.....ইউপি, মিঠাপুকুর, রংপুর।
- ৯। ইউপি সচিব.....ইউপি, মিঠাপুকুর, রংপুর। নিয়োগ বিজ্ঞপ্তি বিধি মোতাবেক ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থান, ইউনিয়ন তথ্য বাতায়ন এবং হাট-বাজারে প্রচারের ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হল।


উপজেলা নির্বাহী অফিসার
মিঠাপুকুর, রংপুর।